# পশ্চিমবঙ্গ রবীন্দ্রমুক্ত বিদ্যালয় সংসদ

## মাধ্যমিক পরীক্ষা জুন, ২০২৪

## বাংলা

## (প্রথম ভাষা)

### (পুরাতন পাঠক্রম)

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৯০**

Who registered their names before June, 2023

### পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।

প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

বানান ভুল, অপরিচ্ছন্নতা ও অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

১। সঠিক উত্তরটি নির্বাচন করো ঃ ১×১৭=১৭

১.১. মহেশ গল্পে গ্রামটির নাম কী ছিল?

(ক) কেশপুর

(খ) কাশীপুর

(গ) করিমপুর

(ঘ) কেষ্টপুর

১.২. শ্রীমতি দিবসের কোন সময়ে স্নান করেছিল?

(ক) খুব সকালে

(খ) সন্ধ্যাবেলা

(গ) দুপুরবেলা

(ঘ) বিকেলবেলা

১.৩. 'বাংলার মুখ আমি দেখিয়াছি' কবিতাটির কাব্যগ্রন্থের নাম—

(ক) বনলতা সেন

(খ) রূপসী বাংলা

(গ) সাতটি তারার তিমির

(ঘ) বেলা অবেলা কালবেলা

১.৪. ''লঙ্ঘিতে'' হবে বলতে বোঝানো হয়েছে

(ক) লাফাতে হবে

(খ) চলতে হবে

(গ) পার হতে হবে

(ঘ) দৌড়াতে হবে

১.৫. 'দলপতি' বলতে এখানে কাকে বোঝানো হয়েছে?

(ক) পুরোহিত দলের নেতাকে

(খ) সৈন্যদলের সেনাপতিকে

(গ) শূদ্রদলের নেতাকে

(ঘ) রাজনৈতিক দলের নেতাকে

১.৬. 'জ্ঞানী' শব্দটির বিপরীত শব্দ কোনটি?

(ক) বিজ্ঞানী

(খ) পণ্ডিত

(গ) মূর্খ

(ঘ) বোকা

১.৭. মাইলস্টোন দেখে বোঝা যায়—

(ক) পথের পরিচয়

(খ) স্থানের দূরত্ব

(গ) শহরের দূরত্ব

(ঘ) পথের সৌন্দর্য

১.৮. নিরুপমার বিয়েতে বরপক্ষ পণ চেয়েছিল—

(ক) দশ হাজার টাকা

(খ) পাঁচ হাজার টাকা

(গ) গাড়ি বাড়ি

(ঘ) চব্বিশ হাজার টাকা

১.৯. ‘‘কামরাঙা-লাল মেঘ যেন মৃত মুনিয়ার মতো’’— ‘কামরাঙা’ শব্দের অর্থ হল

(ক) শীতের একটি ফল

(খ) একধরনের টক ফল

(গ) একটি পাখির নাম

(ঘ) সুস্বাদু মিষ্টি ফল

১.১০. ‘কৃষ্ণ’ শব্দটি কোন ধরনের শব্দ?

(ক) তৎসম

(খ) অর্ধতৎসম

(গ) তদ্ভব

(ঘ) আগন্তুক

১.১১. ‘‘তুমি আমার ছেলে বাবা’’— একথা বলেছিলেন

(ক) কুলি

(খ) বৃদ্ধা

(গ) অপেক্ষারত যাত্রী

১.১২. ‘রথযাত্রা’ নাটকটি রবীন্দ্রনাথ কাকে উৎসর্গ করেন?

(ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

(খ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায়

(গ) বলাইচাঁদ মুখোপাধ্যায়

(ঘ) প্রমথ চৌধুরী

১.১৩. ''এসব কি করছ শুনি''— এটি কোন বাচ্যের উদাহরণ?

(ক) কর্মবাচ্য

(খ) কর্মকর্তৃবাচ্য

(গ) কর্তৃবাচ্য

(ঘ) ভাববাচ্য

১.১৪. চোট্টি মুণ্ডার নাম হয়েছিল যা থেকে, তা হল একটি

(ক) নদীর নাম

(খ) গ্রামের নাম

(গ) দেশের নাম

(ঘ) গোষ্ঠীর নাম

১.১৫. সন্ধ্যাবেলা রাজবধূ রাজবালা যে বাস পরে কনকপ্রদীপ জ্বালাতেন তা হল—

(ক) শ্বেতবাস

(খ) পট্টবাস

(গ) রাজবেশ

(ঘ) শুচিবাস

১.১৬. কতগুলি ছেলের পর রামসুন্দরের একটি কন্যা জন্মেছিল?

(ক) তিন

(খ) চার

(গ) পাঁচ

(ঘ) ছয়

১.১৭. ধ্বনি-কে লিখে প্রকাশ করা হয় যার সাহায্যে, তা হল—

(ক) শব্দ

(খ) ভাষা

(গ) বর্ণ

(ঘ) পদ

২। কম-বেশি ২০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ১×১৯=১৯

**২.১।** *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) ''যেন নেশা লাগে''— কখন নেশা লাগার কথা বলা হয়েছে?

(খ) ''সাধিতে মনের সাধ''— কবির মনের ইচ্ছা কী ছিল?

(গ) যুগযুগান্ত সঞ্চিত ব্যথা বলতে কী বোঝানো হয়েছে?

(ঘ) 'নরকুলে' ধন্য কারা?

(ঙ) শ্রীমতি থালায় কী কী সাজিয়ে নিয়েছিল?

২.২। *যে কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৪=৪

(ক) প্রহরীরা কী দেখে চমকে উঠেছিল?

(খ) 'মধুকর ডিঙা' বলতে কী বোঝানো হয়েছে?

(গ) কোন দিন চোট্টি মেলা বসে?

(ঘ) অপু পাঠশালায় আসে কেন?

(ঙ) 'কে ধরিবে হাল' বলা হয়েছে কেন?

২.৩। *যে কোনো তিনটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৩=৩

(ক) 'আত্মচরিত' প্রবন্ধে বালক ঈশ্বরচন্দ্রের অসাধারণ স্মরণশক্তির কিছু পরিচয় দাও।

(খ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধাটি কীভাবে পড়ে গিয়েছিল?

(গ) 'নবাবগঞ্জ আশ্রমের পুরনো 'মুখপত্র' 'হাতেখড়ি'— শব্দ দুটির অর্থ লেখো।

(ঘ) ''ঠকা ঠাঁই ঠাঁই কাঁদিছে নেহাই, আগুন ঢুলিছে ঘুমে''— এখানে 'নেহাই' শব্দটির অর্থ কী?

২.৪। *যে কোনো আটটি* প্রশ্নের উত্তর দাও ঃ ১×৮=৮

(ক) নির্দেশক বাক্যের একটি উদাহরণ দাও।

(খ) 'তুমি কখন যাবে' — ভাববাচ্যে রূপান্তর করো।

(গ) এককথায় প্রকাশ করো — যা ডুবছে এমন।

(ঘ) পল মিশ্রিত অন্ন — সমাসবদ্ধ পদটি লেখো।

(ঙ) উদ্দেশ্য ও বিধেয় আছে এরকম দুটি বাক্য গঠন করো।

(চ) বাংলা উপভাষা কয়টি ও কী কী?

(ছ) বিশেষ্য ও বিশেষণ কাকে বলে — উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও।

(জ) স্বরবর্ণ ও ব্যঞ্জন বর্ণের সংখ্যা কত?

(ঝ) ''বরপক্ষ হইতে দশ হাজার টাকা এবং বহুল দানসামগ্রী চাহিদা বসিল''— এটি কোন ভাষারীতিতে লেখা বাক্য?

৩। কম-বেশি ৬০টি শব্দে প্রশ্নগুলির উত্তর দাও ঃ ৩+৩=৬

৩.১। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) 'বঙ্গভূমির প্রতি' কবিতায় কবি কাকে 'মা' বলে সম্বোধন করেছেন? এই কবিতায় তিনি কী মিনতি করেছেন?

(খ) ''আজি পরীক্ষা জাতির অথবা জাতের করিবে ত্রাণ''— কথাটিতে 'জাত' বলতে কী বোঝানো হয়েছে? 'জাতির' বলতেই বা কবি কী বুঝিয়েছেন?

৩.২। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৩×১=৩

(ক) ‘‘আমাদের মহেশ যে মরে গেল’’— মহেশ মরে গেল কেন?

(খ) ‘‘ছিন্ন খঞ্জনার মত যখন সে নেচেছিল ইন্দ্রের সভায়’’— ইন্দ্র কে? ‘সে’ কে? তার নাচকে কেন খঞ্জনার নাচের সঙ্গে তুলনা করা হয়েছে?

৪। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘ফণীমনসার ঝোপে শটিবনে তাহাদের ছায়া পড়িয়াছে’’— এখানে ‘তাহাদের’ বলতে কাদের বলা হয়েছে? ‘শটিবন’ কী? ‘ফণীমনসা’ কোন লোককথার কথা মনে করিয়ে দেয়? ১+১+৩

(খ) ‘সুদূরের আহ্বান’ কবিতায় কারা, কীভাবে জীবনের জয়গান গায়? ১+৪

৫। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×১=৫

(ক) ‘‘নির্দেশক বাক্য ও বিস্ময়বোধক বাক্য কাকে বলে — উদাহরণ দিয়ে বুঝিয়ে দাও। একটি প্রশ্নবোধক বাক্য লেখো।

(খ) প্রবাদ-প্রবচনগুলি বাক্যে প্রয়োগ করো ঃ

এক ঢিলে দুই পাখি, গভীর জলের মাছ, তেলা মাথায় তেল দেওয়া, দশচক্রে ভগবান ভূত, মশা মারতে কামান দাগা।

৬। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) ‘‘সীতারাম অনেক ভেবে দেখে ঠিক করেছে, ওরা হল প্রথম ভাগের রাখাল নামক দুষ্ট ছেলেটির শিষ্য’’— এখানে সীতারাম কে? প্রথম ভাগ কী? প্রথম ভাগের রাখাল ছেলেটির সঙ্গে কেন তুলনা করা হয়েছে?

(খ) নিরুপমার মৃত্যুর জন্য কে বা কারা দায়ী?

৭। কম-বেশি ১৫০টি শব্দে *যে কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) ‘রথযাত্রা’ নাট্যাংশে বর্ণিত মন্ত্রী, পুরোহিত, সৈন্য ও শূদ্র এই চারজনের কী মনোভাব প্রকাশ পেয়েছে, তা লেখো।

(খ) সন্দীপন পাঠশালার ছেলেরা পাঠশালার পড়া শেষ করে কোথায় পড়তে গেল? নতুনরা কীভাবে পড়তে এল?

(গ) শিক্ষিত লোকের প্রার্থনা ও অশিক্ষিত লোকের প্রার্থনার যে উদাহরণ ‘প্রার্থনা’-তে পেয়েছ, তা সংক্ষেপে লেখো।

৮। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫

(ক) বাংলা শব্দভাণ্ডারে যতগুলি শব্দ আছে সেগুলিকে ক-টি শ্রেণিতে ভাগ করা যায়? প্রত্যেক শ্রেণি থেকে উদাহরণ দাও।

(খ) নিম্নলিখিত শব্দগুলির বিপরীত শব্দ লেখো ঃ

উচ্চ, অধম, আয়, অগ্রসর, সৎ।

৯। চলিত গদ্যে অনুবাদ করো ঃ ৪

Rabindranath Tagore is one of the greatest poet of the world. He was born in 1861 and died in 1941 at the age of eighty. He was awarded Nobel Prize in 1913 for his famous book of poems Geetanjali. He travelled almost all over the world.

১০। *যে কোনো একটি* প্রশ্নের উত্তর দাও। ৫

(ক) তোমার এলাকার রাস্তাঘাট পরিষ্কারের আবেদন জানিয়ে স্থানীয় প্রশাসনকে একটি পত্র লেখো।

(খ) ভাব সম্প্রসারণ করো ঃ

''নদীর এপার কহে ছাড়িয়া নিঃশ্বাস,
ওপারেতে সর্বসুখ আমার বিশ্বাস
নদীর ওপার বসি দীর্ঘশ্বাস ছাড়ে
কহে, যাহা কিছু সুখ সকলি ওপারে।''

১১। কম-বেশি ৪০০টি শব্দে *যে কোনো একটি* বিষয়ে প্রবন্ধ রচনা করো ঃ ১০

(ক) সমাজসেবা

(খ) তোমার জীবনের লক্ষ্য

(গ) পরিবেশ দূষণ কাকে বলে? তার প্রতিকারের উপায় কী?

(ঘ) বইমেলা